

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নং: প্রাশিঅ/দা.পী./এসএফপি/বিবিধ-১১ (অংশ-১)/২০১১/১৬০০

তারিখ: ৩০ জুলাই ২০১৮
১৫ শ্রাবণ ১৪২৫

বিষয়: প্রকল্পের আওতায় বিদ্যালয় পর্যায়ে সরবরাহকৃত উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুটের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে তাঁর ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করা হলো।


তিনি সম্যক অবহিত আছেন যে, প্রাথমিক শিক্ষার সার্বিক উন্নয়নে সরকার গৃহীত উন্নয়নমূলক কর্মসূচিগুলোর মধ্যে 'দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প'টি অন্যতম। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্পভুক্ত বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের ভর্তি শতভাগ নিশ্চিত হয়েছে, তাদের উপস্থিতি ও প্রাথমিক শিক্ষা চক্র সমাপনের হার বৃদ্ধি পেয়েছে, ঝরে পড়ার হার হ্রাস পেয়েছে, নিবৃত্ত হচ্ছে শিক্ষার্থীদের স্কুলে অবস্থানকালীন সময়ের ক্ষুধা। ক্ষুধানিবৃত্তি ও পুষ্টি চাহিদা পূরণ হওয়ায় শিক্ষার্থীদের শিখন ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এর ফলে প্রকল্প এলাকায় প্রাথমিক শিক্ষার গুণগতমানে অনুকূল পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে।

২। প্রাথমিক শিক্ষার কল্যাণে গৃহীত এ প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নে প্রধান শিক্ষকসহ সহকারী শিক্ষকগণের ভূমিকা অনস্বীকার্য। এ বিষয়ে তাঁদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে প্রকল্পের আওতায় বিস্কুটের পুষ্টিমান অক্ষুণ্ন রেখে দুই স্দের বিস্কুট বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করা হচ্ছে। এর একটি স্কিমড মিক্স দিয়ে এবং অন্যটি ভ্যানিলা ফ্লেভার দিয়ে তৈরী বিস্কুট। প্রকল্পের ব্যবস্থাপনা ও বিস্কুটের প্রবাহ যথাযথ রাখার স্বার্থে প্রচলিত নিয়ম অনুযায়ী সাধারণত প্রতি এক মাস অন্তর অন্তর বিদ্যালয় পর্যায়ে পরিবর্তিত স্দের বিস্কুট সরবরাহ করা হয়ে থাকে। এজন্য শিক্ষার্থীদের টানা এক মাস একই স্দের বিস্কুট খেতে হয়। এতে কখনো কখনো তাদের মাঝে এক ঘেঁয়েমির সৃষ্টি হতে পারে এবং তাঁরা বিস্কুট খাওয়ায় অনীহাও প্রকাশ করতে পারে। কিন্তু সুস্থ শরীর ও মেধাবিকাশের প্রয়োজনে সরবরাহকৃত বিস্কুট শিক্ষার্থীদের নিয়মিত খাওয়া প্রয়োজন।

৩। উল্লেখ্য, বর্তমানে সরবরাহকৃত বিস্কুটের মধ্যে স্কিমড মিক্স সমৃদ্ধ বিস্কুটটি অধিকতর সুস্বাদু এবং শিক্ষার্থীদের কাছে তা অধিকতর প্রিয়-মর্মে জানা যায়। সে তুলনায় ভ্যানিলা ফ্লেভার-সমৃদ্ধ বিস্কুট একটু কম সুস্বাদু হতে পারে। এ জন্য শিক্ষার্থীরা স্কিমড মিক্স-সমৃদ্ধ বিস্কুট পেতে বেশি আগ্রহী। কিন্তু প্রকল্পের নিয়ম অনুযায়ী কোন স্কুলেই বিরতিহীনভাবে শুধুমাত্র স্কিমড মিক্স-সমৃদ্ধ বিস্কুট সরবরাহ করা সম্ভব নয়। স্দের একটু ভিন্ন হলেও দু'ধরণের বিস্কুটই উচ্চ পুষ্টিমানসমৃদ্ধ এবং স্বাস্থ্যসম্মত। এক্ষেত্রে ভ্যানিলা ফ্লেভারযুক্ত বিস্কুট বরং স্কিমড মিক্স-সমৃদ্ধ বিস্কুট থেকে অধিকতর পুষ্টিকর।

৪। এমতাবস্থায় তাঁর কর্ম এলাকায় প্রকল্পের আওতাভুক্ত স্কুলসমূহে সরবরাহকৃত উভয় স্দের বিস্কুটই যাতে শিক্ষার্থীরা সমানভাবে খায়-সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের যথাযথ ভূমিকা রাখার নির্দেশনা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য শিক্ষকদের সাথে অনুষ্ঠেয় সভায় বিষয়টির অবতারণা ও আলোচনা করা যেতে পারে।

বিষয়টি অতিব গুরুত্বপূর্ণ।


রাম চন্দ্র দাস
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,

.....

অনুলিপি:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা (সদয় অবগতির জন্য)।
২. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা,..... বিভাগ
৩. উপজেলা শিক্ষা অফিসার, { বিদ্যালয় পর্যায়ে নির্দেশনা প্রদানের অনুরোধসহ }